

# Telephone conversation between Prime Minister and PM of Kuwait

April 01, 2020

## মাননীয় প্রধানমন্ত্রী এবং কুয়েতের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 01,2020

মাননীয় প্রধানমন্ত্রী আজ কুয়েত রাষ্ট্রের প্রধানমন্ত্রী মহামান্য শেখ অল-খালেদ অল-হামাদ অল-সাবাহ এর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী কুয়েতের মহামান্য আমীর, রাজপরিবার এবং কুয়েতের জনগণকে অভিবাদন জানিয়েছেন এবং তাদের সুস্বাস্থ্যের জন্য শুভকামনা জানিয়েছেন। ভারতের প্রসারিত প্রতিবেশীদের এক মূল্যবান সদস্য হিসেবে কুয়েতের সাথে ভারতের সম্পর্কের সংযুক্তির গুরুত্ব উপরে মাননীয় প্রধানমন্ত্রী রেখাপাত করেছেন।

চলতে থাকা কোভিড-19 অতিমারির অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে দুই নেতা আলোচনা করেছেন। এই স্বাস্থ্য সঙ্কটের সময় তথ্য বিনিময় করতে, সহযোগিতার নতুন পথ খুঁজে বের করতে এবং পারস্পরিক সমর্থন বজায় রাখতে দুই দেশের সরকারি আধিকারিকরা নিয়মিত যোগাযোগ রেখে চলবে এই ব্যাপারে তারা সহমত হয়েছেন।

কুয়েত রাষ্ট্রে থাকা বিরাট সংখ্যক ভারতীয় সম্প্রদায়ের অবদানকে যে কুয়েত বিশাল গুরুত্ব দেয় তার উপর মহামান্য কুয়েতি প্রধানমন্ত্রী জোর দিয়েছেন এবং বর্তমান পরিস্থিতিতে তাদের নিরাপত্তা এবং ভাল থাকা নিশ্চিত করে চলার ব্যাপারেও জোর দিয়েছেন। এই ব্যাপারে তার পুনরায় সদয় নিশ্চয়তা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী তাকে উষ্ণ ধন্যবাদ জানিয়েছেন এবং প্রশংসা করেছেন।

নিউ দিল্লি

এপ্রিল 01,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.